গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৭৭

## নাটোরে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন ২০২৫ উপলক্ষ্যে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত

রাজশাহী; (০৯ আশ্বিন, ২৪ সেপ্টেম্বর):

শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতা শীর্ষক প্রকল্পের আওতায় ইউনিসেফ বাংলাদেশ এর আর্থিক সহায়তায় নাটোর জেলা তথ্য অফিসের আয়োজনে আজ বুধবার (২৪ সেপ্টেম্বর) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন ২০২৫ উপলক্ষ্যে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আসমা শাহীন।

জেলা প্রশাসক বলেন, টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন সকলের সম্মিলিত প্রচেষ্টায় সফল করতে হবে। শিক্ষার্থীদের এবং অভিভাবকদের এ টিকার রেজিস্ট্রেশন করা এবং এর সুফলের ব্যাপারে অবগত করতে হবে।

তিনি আরও বলেন, পানিবাহিত বা দূষিত পরিবেশের কারণে হওয়া অসুখগুলো আমরা সচেতনতার মাধ্যমে নির্মূল করতে পারি। ২০২৫ সালেও যদি আমরা পানি ফুটিয়ে বা বিশুদ্ধ না করে পান করি এই ব্যাপারটা বেশ দুঃখজনক।

কর্মশালায় টাইফয়েড টিকা ও টিকাদান কার্যক্রম বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন সিভিল সার্জন ডা. মোহাম্মদ মুক্তাদির আরেফীন। স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার মো. আব্দুল আউয়াল।

কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, গণযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক গাজী শরিফা ইয়াছমিন, অতিরিক্ত জেলা প্রশাসক জান্নাত আরা ফেরদৌস, অতিরিক্ত পুলিশ সুপার মাহমুদা শারমিন নেলীসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা এবং স্কাউট ও গার্লস গাইডের সদস্যবৃন্দ। কর্মশালার শুরুতেই টিসিভি টিকার রেজিস্ট্রেশন প্রক্রিয়া সংক্রান্ত ভিডিওচিত্র প্রদর্শন করা হয়।

কর্মশালায় জেলায় বিভিন্ন স্কুল ও জনবসতি এলাকায় টিসিভি টিকাদান কার্যক্রম সম্পর্কে প্রচারাভিযান এবং টিকা রেজিস্ট্রেশন জোরদার করার জন্য জেলার স্কাউট ও গার্লস গাইড সদস্যদের ওরিয়েন্টেশন দেওয়া হয়।

উল্লেখ্য, ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সি সকল শিশু এবং প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণি বা সমমান পর্যন্ত সকল শিক্ষার্থীকে আগামী ১২ অক্টোবর হতে বিনামূল্যে ১ ডোজ টাইফয়েড টিকা প্রদান করা হবে। এই টিকা পেতে জন্ম নিবন্ধন সনদের তথ্য (১৭ ডিজিট) দিয়ে www.vaxepi.gov.bd ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে।

..............................................................

আতিক/তৌহিদ/স্মিতা/রুহুল/২০২৫/১৭:১০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd